গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
আইসিটি শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.৩৫.০০১.১৭.০৭

তারিখ: ১ মাঘ ১৪২৫
১৪ জানুয়ারি ২০১৯

বিষয়: **লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে প্রযুক্তিনির্ভর দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে "স্কিলস পোর্টালে" বেকার নারী-পুরুষদের নিবন্ধন প্রসঙ্গে।**

সূত্র: এটুআই প্রোগ্রাম এর স্মারক নং- ৫৬.৪২.০০০০.৮০৩.০৬.০১০.১৭.৪৭ তারিখ: ১১ ডিসেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। পত্রের আলোকে লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে প্রযুক্তিনির্ভর দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে "স্কিলস পোর্টালে" বেকার নারী-পুরুষদের নিবন্ধন কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- দুই পাতা

১৪-১-২০১৯
মোহাম্মদ মঈনুল হোসেন চৌধুরী
সহকারী কমিশনার
ফোন: ৭১৬০৪১
ইমেইল: acictsylhet@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল),
..... সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
কমিউনিকেশন ও পার্টনারশীপ
a2i.gov.bd
Dhaka

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.৮০৩.০৬.০১০.১৭.৪৭

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫
১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: **লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে প্রযুক্তিনির্ভর দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে "স্কিলস পোর্টালে" বেকার নারী-পুরুষদের নিবন্ধন প্রসঙ্গে।**

ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের অন্যতম বিষয় ছিল দক্ষ মানবসম্পদ ও কর্মসংস্থান সৃষ্টি। সবার জন্য যথোপযুক্ত কর্মসংস্থান নিশ্চিতকরন ও মাথাপিছু রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে এটুআই প্রোগ্রামের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হলো 'কর্মসংস্থানের জন্য দক্ষতা'। 'সমাজের কোন অংশকে বাদ দিয়ে উন্নয়ন নয়'-মাননীয় প্রধানমন্ত্রীর এ বক্তব্যকে মূলমন্ত্র ধরে এটুআই প্রোগ্রামের তরফ থেকে নানাবিধ দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টর অন্যতম।

২। লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে বেকার নারী-পুরুষদের জন্য প্রযুক্তিনির্ভর দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর সাথে গত ২৪ এপ্রিল ২০১৮ এটুআই প্রোগ্রামের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী, এটুআই প্রোগ্রাম ও বিটাক যৌথভাবে ৩ মাস মেয়াদী (মহিলাদের জন্য) ও ২ মাস মেয়াদী (পুরুষদের জন্য) প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ শেষে শিল্প প্রতিষ্ঠানে সরাসরি চাকুরির ব্যবস্থা করছে। এ উদ্যোগ দেশের বেকার যুবকদেরকে যথোপযুক্ত কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

৩। দেশের প্রত্যন্ত অঞ্চলের বেকার নারী-পুরুষদেরকে উক্ত প্রশিক্ষণের সুযোগ প্রদানের লক্ষ্যে স্কিলস পোর্টালের মাধ্যমে (http://skills.gov.bd/bitac-registration) নিবন্ধন করানো প্রয়োজন। উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ এ নিবন্ধন কার্য সম্পাদন করবেন। উদ্যোক্তাগণ তাদের ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের আওতাভূক্ত সকল অসহায়, দরিদ্র, স্বল্প শিক্ষিত (ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ) ও মেধাবী যারা শিল্প প্রতিষ্ঠানে কাজ করতে ইচ্ছুক এবং যাদের বয়স ১৮-৩০ বছরের মধ্যে, এমন বেকার নারী-পুরুষদেরকে নিবন্ধনের জন্য সহযোগিতা প্রদান করবেন। প্রতিটি নিবন্ধনের জন্য উদ্যোক্তাগণ ৫০ টাকা (পঞ্চাশ টাকা মাত্র) করে আবেদনকারীর নিকট থেকে গ্রহণ করবেন।

৪। এ জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের নিম্নলিখিত কার্যক্রমসমূহ করা প্রয়োজন

১। নিজ ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের আওতাভূক্ত সকল অসহায়, দরিদ্র ও মেধাবী, বিধবা/ তালাক প্রাপ্ত নারী, ঝরে পড়া/ সুবিধাবঞ্চিত, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, মুক্তিযোদ্ধার সন্তান এবং যারা শিল্প প্রতিষ্ঠানে চাকুরী করতে ইচ্ছুক এমন বেকার নারী-পুরুষদেরকে নিবন্ধনের জন্য নির্বাচন করা।

২। বয়সসীমা ১৮-৩০ বছর।

৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী পাশ (কোনভাবেই চলমান শিক্ষার্থীর আবেদন গ্রহণযোগ্য নয়)। ক্ষেত্রবিশেষে মেধাবী অথচ লেখাপড়া করার জন্য সুযোগ পায়নি তাদেরকেও নির্বাচন করা যেতে পারে।

৪। নারীদেরকে লাইট মেশিনারিজ, ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স, অটোক্যাড, রেফ্রিজারেশন এবং এয়ারকন্ডিশনিং, হাউজ হোল্ড এ্যাপ্লায়েন্স, প্লাস্টিক প্রসেসিং (জেনারেল), প্লাস্টিক প্রসেসিং (কাষ্টমাইজড্) ট্রেডে নিবন্ধন করা। পুরুষদেরকে ওয়েল্ডিং, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স, রেফ্রিজারেশন এবং এয়ারকন্ডিশনিং ট্রেডে নিবন্ধন করা।

৫। উদ্যোক্তা হতে ইচ্ছুক এমন নারীদেরকে কার্পেন্ট্রি (হস্ত শিল্প) ট্রেডে নিবন্ধন করা।

৬। নিম্নোক্ত লিংকে নিবন্ধন করানো (http://skills.gov.bd/bitac-registration বা http://skills.gov.bd/ >> লগইন ও নিবন্ধন >> ব্যক্তি নিবন্ধন >> বিটাক নিবন্ধন >> ফরম ফিলাপ)

৭। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে থাকা-খাওয়া ও যাতায়াত ভাতা প্রদান করা হবে।

৮। প্রশিক্ষণ শেষে জব ফেয়ারের মাধ্যমে বিভিন্ন শিল্প কারখানায় চাকুরীর ব্যবস্থা করা হবে।

৯। প্রোগ্রাম সম্পর্কিত যে কোন তথ্যের জন্য মোঃ হাবিবুর রহমান (ইয়াং প্রোফেশনাল, এটুআই প্রোগ্রাম, ফোন নম্বর-০১৯১১-৪৩৮৯২৯, ইমেইল- habibdu.u@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করছি।

১১-১২-২০১৮

মোঃ মোস্তাফিজুর রহমান
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৬৯৩১
ফ্যাক্স: ৫৫০০৬৯৩৬
ইমেইল: mdmustafiz@a2i.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.৮০৩.০৬.০১০.১৭.৪৭/১(৪৩৯)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

১১-১২-২০১৮

মোঃ মোস্তাফিজুর রহমান
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)